

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

৪, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০

www.waqf.gov.bd

স্মারক নং- ১৬.০২.০০০০.০২১.৩১.০৪২.২১

তারিখ: ১৪৩২
২০২৬

বিষয়: জাবালে নূর কেন্দ্রীয় জামে মসজিদ ফুলদী ওয়াক্ফ এস্টেট (ই.সি.নং ২২৭৫৬) তালিকাভুক্তি ও মোতাওয়াল্লী নিয়োগ।

সূত্র: (১) জনাব মোঃ আনোয়ার হোসেন খান (আদেল মিয়া) কর্তৃক গত ২১/১০/২০২১ তারিখের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন।

(২) ওয়াক্ফ পরিদর্শক গাজীপুর এর ২২ মে ২০২২ তারিখের ও:পরি:/গাজীপুর/নর: ৬২ নং স্মারক।

(৩) জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর ২৭ আগষ্ট ২০২৪ তারিখের ০৫.৪১.৩৩০০.০০৯.০১.০০১.২১.১১৬৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৪৭ ধারার বিধান মতে নিম্ন তপশিল বর্ণিত ০.০৩৪৪ (শূন্য দশমিক শূন্য তিন চার চার) একর সম্পত্তি মিস ই.সি. নং ৪২/২০২১ রূপান্তরক্রমে “জাবালে নূর কেন্দ্রীয় জামে মসজিদ ফুলদী ওয়াক্ফ এস্টেট” নামকরণে বার্ষিক মোট ও নিট আয় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ধার্যে ওয়াক্ফ লিগ্লাহ গণ্যে ই.সি. নং ২২৭৫৬/২০২৫ (৮৫) নথিতে তালিকাভুক্ত করা হলো।

২। এস্টেটটি সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার স্বার্থে ওয়াক্ফ অধ্যাদেশের ৪৪ ধারা মোতাবেক নিম্ন বর্ণিত শর্তে জনাব মোঃ আনোয়ার হোসেন খান (আদেল মিয়া)কে গ্রাম-ফুলদী, পো: ফুলদী বাজার, থানা: কালীগঞ্জ, জেলা: গাজীপুরকে ১৯/১১/২০২৫ তারিখ হতে আগামী ৩ (তিন) বছরের জন্য অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ করা হলো।

তালিকাভুক্ত সম্পত্তির তপশিল

জেলা	উপজেলা	জেএল ও মৌজা	খতিয়ান	দাগ	জমির পরিমাণ
গাজীপুর	কালীগঞ্জ	৬৩ ফুলদী	আর.এস-১০৮৮	আর.এস- ২৭৪৬	০.০২৪৪ একর
”	”	”	”	”	০.০১০০ একর

মোট: ০.০৩৪৪ (শূন্য দশমিক শূন্য তিন চার চার) একর

শর্তসমূহ

- ১। ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান এবং ওয়াক্ফ দলিল (যদি থাকে) অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে। ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে কমিটি দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ২। ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন প্রতি অর্থ বছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিকভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
- ৩। প্রতি বছর ১৫জুলাই এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
- ৪। ওয়াক্ফ এস্টেট পরিচালনায় সকল প্রকার লেনদেন তফসিলি ব্যাংক হিসেবের মাধ্যমে পরিচালনা করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;
- ৫। ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ত্ব (রেকর্ড অব রাইটস) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবে না;
- ৬। এস্টেটের বিচারাধীন মামলা সমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- ৭। প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;
- ৮। মসজিদ শ্রেণী .০৭ একর ভূমি মসজিদের নামে নামজারী খতিয়ান সৃজন পূর্বক দাখিল করতে হবে।

স্বাক্ষর:

মোঃ শাহীন হোসেন

(যুগ্মসচিব)

ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ

ফোন: ৪১০৩২৮৭৩।

ই-মেইল: administrator@waqf.gov.bd

জনাব মোঃ আনোয়ার হোসেন খান (আদেল মিয়া)

পিতামৃত: মোক্তাজুল হোসেন খান (রাজা মিয়া)

গ্রাম-ফুলদী, পো: ফুলদী বাজার, থানা: কালীগঞ্জ, জেলা: গাজীপুর।

মোতাওয়াল্লী, জাবালে নূর কেন্দ্রীয় জামে মসজিদ ফুলদী ওয়াক্ফ এস্টেট।

স্মারক নং- ১৬.০২.০০০০.০২১.৩১.০৪২.২১/৪৫ (২)

তারিখ: ১৪৩২
০৬.০৬. ২০২৬

✓ ১। সহকারী প্রোগ্রামার, ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।

২। ওয়াক্ফ পরিদর্শক ঢাকা-অঞ্চল ৩ ও গাজীপুর জেলা।

১৬.০৬.২০২৬
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ

১৬